ততক্ষণ কিয়ামত সংঘটিত হবে না যতক্ষন হিজাযের জমিন থেকে আগুন বের না হবে, যা বুসরার উটগুলোর গর্দান আলোকিত করে দিবে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “ততক্ষণ কিয়ামত সংঘটিত
হবে না যতক্ষণ না হিজাযের জমিন থেকে আগুন বের হবে, যা বুসরার উটগুলোর গর্দান
আলোকিত করে দিবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ততক্ষণ কিয়ামত সংঘটিত হবে না যতক্ষণ না মক্কা-মদীনা ও এর পার্শ্ববর্তী এলাকার জমিন থেকে আগুন বের হবে, যা শামের (সিরিয়া) বুসরা শহরের উটগুলোর গর্দান আলোকিত করে দিবে। এ ধরণের আগুন ছয়শ চুয়ান্ন হিজরীতে মদীনায় দেখা দিয়েছিল। সে অগ্নি অনেক বড় আকারের ছিলো যা মদীনার পূর্বাঞ্চলের প্রস্তরময় পাহাড় থেকে বের হয়েছিল এবং এ সংবাদ সিরিয়াবাসী ও অন্যান্যদের কাছে অবগত ছিলো। সমকালীন আলেমগণ বিশেষ করে ইমাম নাওয়াওয়ী, কুরত্ববী ও আবূ শামাহ রহ. প্রমুখ তাদের কিতাবে উল্লেখ করেছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/11216